Press Release
Seminar on
**"Young Leaders, Sustainable Futures: Advancing the SDGs Together"**
9 June 2026
Vanue: BIISS Auditorium, Dhaka

---

Bangladesh Institute of International and Strategic Studies (BIISS) and the United Nations Office for Project Services (UNOPS) jointly organized a seminar titled **"Young Leaders, Sustainable Futures: Advancing the SDGs Together"** on Tuesday, 09 June 2026, at the BIISS Auditorium in Dhaka.

The seminar brought together policymakers, development practitioners, academics, youth leaders, civil society representatives, and development partners to discuss how young people can play a transformative role in advancing the Sustainable Development Goals (SDGs) in Bangladesh.

Two presentations were delivered during the seminar. In their presentations, **Md Rafid Abrar Miah**, Research Fellow, BIISS, and Professor **Dr Kazi Maruful Islam**, Department of Development Studies and Director of the Centre on Budget and Policy at the University of Dhaka, highlighted the role of youth-led innovation and policy engagement in achieving the SDGs at the local level. They also discussed the challenges and opportunities of youth engagement in sustainable development.

Major General **A S M Ridwanur Rahman**, Director General of BIISS, delivered the welcome address and emphasized the importance of empowering young people as key stakeholders in Bangladesh's sustainable development journey. He highlighted the need to create enabling environments where youth can contribute meaningfully to policy discourse, innovation, and community development.

The event was attended by **H.E. Indra Mani Pandey**, Secretary General of BIMSTEC, as the Guest of Honour, and **Professor Dr SM Abdul-Awal**, Principal Coordinator (SDG Affairs) at the Prime Minister's Office (PMO), as the Special Guest. **Mr. Sudhir Muralidharan**, Country Manager of UNOPS Bangladesh and Bhutan, delivered the welcome remarks and reaffirmed UNOPS' commitment to supporting youth engagement, SDG localization, and multi-stakeholder partnerships for sustainable development.

In his remarks, **Mr. Muralidharan** underscored that young people are not merely beneficiaries of development but active partners and drivers of change. He highlighted the importance of investing in youth leadership, innovation, entrepreneurship, and meaningful participation to accelerate progress towards the 2030 Agenda.

Addressing the gathering, **H.E. Indra Mani Pandey** highlighted the importance of regional cooperation and youth engagement in addressing shared development challenges across the BIMSTEC region. Professor Dr SM Abdul-Awal emphasized the Government of Bangladesh's continued commitment to SDG implementation and the importance of integrating youth perspectives into national development planning.

Participants stressed that achieving the SDGs requires stronger collaboration among government institutions, development partners, academia, civil society organizations, the private sector, and youth-led organizations. The seminar concluded with a shared commitment to strengthening youth participation in SDG localization efforts and promoting collaborative actions that empower young people as leaders of sustainable development.

সংবাদ বিজ্ঞপ্তি

Seminar on

**“Young Leaders, Sustainable Futures: Advancing the SDGs Together”**

০৯ জুন ২০২৬

Vanue: BIISS Auditorium, Dhaka

---

বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) এবং জাতিসংঘ প্রকল্প সেবা কার্যালয় (ইউএনওপিএস) যৌথভাবে মঙ্গলবার, ০৯ জুন ২০২৬ তারিখে ঢাকার বিআইআইএসএস অডিটোরিয়ামে **“Young Leaders, Sustainable Futures: Advancing the SDGs Together”** শীর্ষক একটি সেমিনার আয়োজন করে।

সেমিনার এ নীতি নির্ধারক, উন্নয়ন কর্মী, শিক্ষাবিদ, যুব নেতা, সুশীল সমাজের প্রতিনিধি এবং উন্নয়ন অংশীদাগণ একত্রিত হয়ে বাংলাদেশে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে তরুণরা কীভাবে একটি রূপান্তরমূলক ভূমিকা পালন করতে পারে, তা নিয়ে আলোচনা করেন।

সেমিনারে দুটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। বিআইআইএসএস-এর রিসার্চ ফেলো **মোঃ রাফিদ আবরার মিয়া** এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগ ও বাজেট ও নীতি কেন্দ্রের পরিচালক অধ্যাপক **ড. কাজী মারুফুল ইসলাম** তাঁদের উপস্থাপনায় স্থানীয় পর্যায়ে এসডিজি অর্জনে যুব-নেতৃত্বাধীন উদ্ভাবন এবং নীতি নির্ধারণী সম্পৃক্ততার ভূমিকার ওপর আলোকপাত করেন। তাঁরা টেকসই উন্নয়নে যুব সম্পৃক্ততার প্রতিবন্ধকতা ও সুযোগ নিয়েও আলোচনা করেন।

বিআইআইএসএস-এর মহাপরিচালক মেজর জেনারেল **এ এস এম রিদওয়ানুর রহমান** স্বাগত ভাষণ দেন এবং বাংলাদেশের টেকসই উন্নয়ন যাত্রায় মূল অংশীদার হিসেবে তরুণদের ক্ষমতায়নের গুরুত্বের ওপর জোর দেন। তিনি এমন একটি সহায়ক পরিবেশ তৈরির প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করেন, যেখানে তরুণরা নীতি আলোচনা, উদ্ভাবন এবং কমিউনিটি উন্নয়নে অর্থপূর্ণ অবদান রাখতে পারে।

অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন বিমসটেক-এর মহাসচিব মহামান্য **ইন্দ্রা মণি পান্ডে** সম্মানিত অতিথি হিসেবে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের (পিএমও) প্রিন্সিপাল কো-অর্ডিনেটর (এসডিজি অ্যাফেয়ার্স) অধ্যাপক **ড. এস এম আব্দুল-আওয়াল** বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ইউএনওপিএস বাংলাদেশ ও ভুটানের কান্ট্রি ম্যানেজার **জনাব সুধীর মুরালিধরণ** স্বাগত বক্তব্য প্রদান করেন এবং টেকসই উন্নয়নের জন্য যুব সম্পৃক্ততা, এসডিজি স্থানীয়করণ এবং বহু-অংশীজন অংশীদারিত্বকে সমর্থন করার ক্ষেত্রে ইউএনওপিএস-এর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

**জনাব মুরালিধরণ** তাঁর বক্তব্যে জোর দিয়ে বলেন, তরুণরা কেবল উন্নয়নের সুবিধাভোগীই নয়, বরং পরিবর্তনের সক্রিয় অংশীদার এবং চালিকাশক্তি। তিনি ২০৩০ এজেন্ডার অভিমুখে অগ্রগতি ত্বরান্বিত করতে যুব নেতৃত্ব, উদ্ভাবন, উদ্যোক্তা এবং অর্থপূর্ণ অংশগ্রহণে বিনিয়োগের গুরুত্ব তুলে ধরেন।

মহামান্য **ইন্দ্রা মণি পান্ডে** বিমসটেক অঞ্চল জুড়ে অভিন্ন উন্নয়নমূলক প্রতিবন্ধকতা মোকাবেলায় আঞ্চলিক সহযোগিতা এবং যুব সম্পৃক্ততার গুরুত্ব তুলে ধরেন। অধ্যাপক **ড. এস এম আব্দুল-আওয়াল** এসডিজি বাস্তবায়নে বাংলাদেশ সরকারের অব্যাহত অঙ্গীকার এবং জাতীয় উন্নয়ন পরিকল্পনায় যুব দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করার ওপর জোর দেন।

অংশগ্রহণকারীরা জোর দিয়ে বলেন যে, এসডিজি অর্জনের জন্য সরকারি প্রতিষ্ঠান, উন্নয়ন অংশীদার, শিক্ষাঙ্গন, নাগরিক সমাজ সংগঠন, বেসরকারি খাত এবং যুব-নেতৃত্বাধীন সংগঠনগুলোর মধ্যে শক্তিশালী সহযোগিতা প্রয়োজন। এসডিজি স্থানীয়করণ প্রচেষ্টায় যুবকদের অংশগ্রহণ জোরদার করা এবং টেকসই উন্নয়নের নেতা হিসেবে তরুণদের ক্ষমতায়নকারী সহযোগিতামূলক কার্যক্রমকে উৎসাহিত করার একটি যৌথ অঙ্গীকারের মাধ্যমে সেমিনার সমাপ্ত হয়।